### -শিউলি গাঙ্গুলি

আধ্যাত্মিকতার পথ চিরদিনই কঠিন, যাঁরা সেই পথ দিয়ে চলে দৃষ্টান্ত স্থাপন করে গেছেন তাঁরা কেউই সাধারণ মানুষ নন - কর্মে, ত্যাগে, সাধনায় তাঁরা তাঁদের অসাধারণত্ব প্রমাণ করে গেছেন, তাই আমাদের মতন সাধারণ মানুষ তাঁদের ঈশ্বরীয় মনে করি, তাঁদের দেখানো পথে চলার চেষ্টা করি শান্তির খোঁজে।

ঠাকুর 'শ্রী শ্রী রামকৃষ্ণ' বলে গেছেন 'যত মত তত পথ' অর্থাৎ সেই পরমপুরুষ কে উপলব্ধি করার অনেক পথ ও মত আছে কিন্তু যে পথেই যাওয়া হোক লক্ষ্য সেই এক। যোগিরাজ 'শ্রী শ্রী লাহিড়ীবাবার' দেখানো ক্রিয়াযোগ তেমনই এক বিজ্ঞান সম্মত সাধন পদ্ধতি।

এখানে প্রথমেই প্রশ্ন আসছে সাধারণ মানুষ কেন সেই পরমসত্য কে উপলব্ধি করতে চাইবে যদি তার জীবন সুখে শান্তিতে আর আনন্দে কেটে যায়! সে যদি তার সব চাওয়া পেয়ে যায় তবে বাকি কিসের আশায় সেই অজানা কে জানতে চাইবে? উত্তর হলো – তাও জানতে চাইবে। সমস্ত কিছু পাওয়ার পরও এক অজানা অপূর্ণতা যাঁদের অন্বেষণ এর কারণ হয়ে দাঁড়ায় তাঁরা খুঁজে চলেন সেই পথ – সেই পরম সত্য কে উপলব্ধি করার পথ – তাঁরা হলেন জিজ্ঞাসু।

আর আছেন জ্ঞানী – যিনি পরম সত্য কে উপলব্ধি করার পর ও সাধারণ মানুষের মধ্যে সেই সত্য উপলব্ধি করার পথ দেখানোর জন্য থাকেন – তিনিই হলেন প্রকৃত গুরু। তিনি সৎ - চিৎ - আনন্দ রূপে, গুরু রূপে আমাদের মধ্যে বিরাজ করছেন। এই জ্ঞানী ও জিজ্ঞাসু ব্যতীত বাকি আপামর সাধারণ মানুষ দুঃখ, কষ্ট, রোগ, মানসিক যন্ত্রনা থেকে মুক্তি পেতে ও সুখে শান্তিতে থাকার জন্য অবলম্বন খোঁজে এবং এই অবলম্বনের খোঁজ তাকে পরম সত্যের খোঁজের দিকে নিয়ে যায়।


যিনি জ্ঞানী তিনি তো স্বয়ং ঈশ্বরীয়! যিনি জিজ্ঞাসু তিনি ও অনেক এগিয়ে আছেন, সমস্যা আমাদের মতন সাধারণ মানুষদের, যারা চাওয়া পাওয়া এবং সংসারিকতার নানা ভুলত্রুটির মধ্যে থাকি এবং এখান থেকেই শুরু হয় দৈনন্দিন জীবনে ক্রিয়াযোগ এর প্রয়োজনীয়তা।

তাঁর মায়ার সংসারে সব কিছুই একে অপরের সাথে যুক্ত তাই শুরু যে যেখানে থেকেই করুক প্রকৃত নিষ্ঠা নিয়ে ক্রিয়া করলে কৃপার পথ আপনিই খুলে যাবে, ক্রিয়ার নিষ্ঠা হৃদয়ে এনে দেবে অপার ভক্তি ও বিশ্বাসের আনন্দময় অনুভূতি। শ্রদ্ধা ও বিশ্বাস যুক্ত হৃদয় নিয়ে যে কাজ ই করা হয় তাতেই পূর্ণতা আসে। তাই ক্রিয়া যোগ আধ্যাত্মিক জীবনের সাথে সাথে আমাদের দৈনন্দিন জীবন কেও অনেক সহজ করে তোলে। পরমসত্য কে জানার চেষ্টা অর্থাৎ আত্মউপলব্ধির এই সাধনা আমাদের অত্যন্ত সাধারণ এই গতানুগতিক জীবনকে অসাধারণ এক আনন্দময় জীবনের দিকে এগিয়ে নিয়ে চলে।



# "ক্রিয়াযোগ ও জন্মান্তর"

-সৌমেন ঘোষ



ওঁ গুরুভ্যঃ নমঃ

সকল কর্ম যোগ নয়, কিন্তু সকল যোগই কর্ম:

ক্রিয়াযোগে বা কর্মযোগে ‘কর্ম’ – কারন সাপেক্ষ এবং ‘যোগ’ - কারন নিরপেক্ষ। কর্মের দ্বারা যোগপ্রাপ্তি হয় না, সেবা এবং ত্যাগ যদি না থাকে তাহলে কর্মই হয়, কর্মযোগ বা ক্রিয়াযোগ হয় না। ভগবান বলছেন – ‘যোগঃ কর্মসু কৌশলম্।।’ (২।৫০।গীতা) অর্থাৎ কর্মফলের প্রাপ্তিতে বা অপ্রাপ্তিতে সমান থাকাই হল কৌশল।

কর্মজং বুদ্ধিযুক্তা হি ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।  
জন্মবন্ধবিনির্মুক্তাঃ পদং গচ্ছন্ত্যনাময়ম্।।

অর্থাৎ সম্যাবস্থায় থাকা বুদ্ধিমান জ্ঞানী পুরুষগন বা সাধকগন কর্মজনিত ফল ত্যাগ করে জন্মরূপ বন্ধন থেকে মুক্ত হয়ে নির্বিকার পরমশক্তিতে মিলিত হন। কিন্তু যারা পারে না তারা জন্ম-মৃত্যু চক্রে আবর্তিত হয় মহাপ্রলয় পর্যন্ত।

ক্রিয়া বা কর্মের বন্ধন:

আমরা জান্তে-অজান্তে প্রতিক্ষন কর্ম করে চলেছি শরীর ও মন-বুদ্ধি-চিন্তন মাধ্যমে। আর আমরা জানি- প্রত্যেক কর্মের ফল আছে কিন্তু কর্মে ফলের পরিমানের ওপর আমাদের নিয়ন্ত্রন নেই। আসক্তি, কামনা-বাসনা যুক্ত কর্ম যাকে সকাম কর্ম বা ক্রিয়া দিয়ে কর্মের বন্ধন তৈরি হয়, যা কর্মফলে আবর্তিত হই। কাম, ক্রোধ, লোভ, মোহ, অহংকার ইত্যাদি হল কর্ম বন্ধনের ইন্ধন।

যেমন- সাইকেলে প্যাডলিং করা, যা নীচের দিকে বা কেন্দ্রের দিকে হয়ে থাকে, ফলে চাকা গোল-গোল ঘুরতে থাকে, এই ক্ষেত্রে প্যাডলিং হল কর্ম এবং যার চারিপাশে চেনটিকে ঘোরানো হচ্ছে সেটি হল আসক্তি যুক্ত কর্ম বা ক্রিয়া। কিন্তু ক্রিয়া যোগের মাধ্যমে আমরা অনায়াসে আসক্তি রোহিত হয়ে পরমশক্তির সাথে মিলিত হতে পারি, জন্ম-মৃত্যু চক্র থেকে মুক্ত হই। কারণ ক্রিয়া যোগ নিষ্কাম। তাহলে কী টাকা-পয়সা, ব্যবসা-বানিজ্য, ঘর-বাড়ি, সংসার-সম্পত্তি কিছু বানাবো না? সূর্যের কাজ যেমন তেজ ও আলো বিকিরনের মাধ্যমে তাঁর জগৎ-পরিবারকে পোষন করা। আমাদের কাজও এই গুলি সব দিয়ে আপন ধর্ম, চরিত্র, ও রাষ্ট্রকে সেবা করা। এটি পরমার্থের মাধ্যম, সমাজ-পরিবেশ ও নিজের উন্নতির জন্য এগুলি আবশ্যিক ঈশ্বরীয় দায়িত্ব এবং কর্তব্যযুক্ত ধর্ম। নিজ নিজ গুণ-ধর্ম অনুযায়ী কর্ম করতে হবে, এ ছাড়া মনুষ্য জন্ম থেকে মুক্তি পাওয়া যায় না। আসক্তিরোহিত হয়ে সমস্ত দায়িত্ব এবং কর্তব্য পালন করতে হবে। অর্থাৎ নির্লিপ্ত হয়ে ক্রিয়া যোগ করতে হবে।

### ক্রিয়া বা কর্মের মাধ্যমে জন্ম লাভ:

ভারতীয় আধ্যাত্মিকতায়, কর্ম হল শারীরিক, মৌখিক, মানসিক, বা সামাজিক কাজ করা। যেটি একটি রেখাপাত, এবং এটি নষ্ট হয় না যতক্ষন প্রতিক্রিয়া সৃষ্টি হচ্ছে। তোমরা সবাই শুনেছ ‘চিত্রগুপ্ত’-র নাম যিনি নাকি আমাদের ভাগ্যের সমস্ত লেখা-যোখা করেন, এবং পরবর্তী জন্মে প্রেরণ করেন। এটি আসলে ‘অনন্ত চেতনা’ বা ‘সূক্ষ্ম শরীর’ যাকে ইংরাজিতে বলে a Subtle State of Consciousness বা বলতে পারো কম্পিউটারের/ মোবাইলের ব্যাকআপ ফাইল।

### সূক্ষ্ম শরীর:

‘সূক্ষ্ম শরীর’ মানুষের ‘শারীরিক শরীর’ যুক্ত থাকে চার ভাবে

- ১) মন - যেটি উৎস কামনা, বাসনা ও আকাঙ্ক্ষা
- ২) বুদ্ধি - যেটি কার্য-কারণ নির্ণায়ক
- ৩) চিত্ত - যেটি সংস্কার জনিত অভ্যাস, স্বভাব, আবেগের সঞ্চয়ক
- ৪) অহংকার - যেটি ব্যক্তিগত আত্মরূপ প্রকাশ করে

এই রক্ত-মাংসের শরীর নষ্ট হলে ও সূক্ষ্ম শরীর সমস্ত কর্ম বা ক্রিয়াকে রেকর্ড করে রাখে। অর্থাৎ রক্ত-মাংসের শরীরের মৃত্যু হলেও সূক্ষ্ম শরীরের মৃত্যু হয় না। এই অন্তঃকরণ চতুষ্টয় প্রতিক্ষন আমাদের নজর রেখে চলেছে এবং কর্মের প্রকৃতি অনুসারে কর্মফল প্রদান করে। তাই কর্ম করার ভেদ জানা খুবই আবশ্যিক | কর্মগুলি সংস্কার, আবেগ ও মানসিক চাওয়া-পাওয়া, শারীরিক-যান্ত্রিক সঞ্চালনের মাধ্যমে সৃষ্টি হয়।

তিন ধরনের কর্ম: কর্ম ছাড়া জীবের জীবন সম্ভব নয়, এই ক্ষেত্রে প্রধান তিন কর্ম হল - সঞ্চিত কর্ম, প্রারন্ধ কর্ম, ক্রীয়মান কর্ম।

‘কর্মণ্যেবাধিকারস্তে মা ফলেষু কদাচন।’

কর্ম করার আমাদের অধিকার আছে কিন্তু কর্মফলে নেই।

১) সঞ্চিত কর্ম: সংস্কার মাধ্যমে চেতন মনের অজান্তে যখন কেউ ভালো বা খারাপ কর্মে লিপ্ত হন, তখন মানসিক পটে প্রভাব পড়ে। এই সংস্কার একটি হালকা, দুর্বল, স্বয়ং-সক্রিয় প্রতিক্রিয়াশীল কর্মপদ্ধতি সৃষ্টি করে, যদি না নিজে সচেতন ভাবে স্বীকার করে। এটি অভ্যাসগত ভাবে তৈরি হয় না। উপযুক্ত সময়, পরিবেশ পেলেই এটি পুনরাবৃত্তি ঘটায়, বর্তমান জন্মে বা পরবর্তী কোন জন্মে।  
বি:দ্র: সংস্কার হল নির্দেশনা, তথ্য এবং অনুষ্ঠান সমূহের সমষ্টি।

২) প্রারন্ধ কর্ম: প্রারন্ধ হল পূর্ববর্তী জীবনের কর্মফলের অবশিষ্ট ফলাফল। এটি একটি শক্তিশালী সংস্কার। যে মানসিক কর্ম স্বেচ্ছায় দৃঢ় আবেগে উৎপন্ন হয়ে স্বয়ং-সক্রিয় প্রতিক্রিয়া করে, তাকেই বলতে পারো প্রারন্ধ কর্ম। যেমন- হত্যা, ডাকাতি, বিশ্বাসঘাতকতা, অপরাধ, ব্যাভিচারের মতো শক্তিশালী গভীর আবেগপূর্ণ কাজগুলি অন্তঃকরণ চতুষ্টয় (মন, বুদ্ধি, চিত্ত, অহংকার) উপর গভীর ছাপ তৈরি করে। ফলে সমগুন ও পরিমান প্রতিক্রিয়া প্রাপ্ত হয়।

যেহেতু প্রারন্ধ কর্ম ও স্বয়ং-সক্রিয় প্রতিক্রিয়াশীল কর্ম পদ্ধতি, প্রত্যেক আবেগ জড়িত এই কর্মগুলি বহন করে অন্তর চেতন এবং উপযুক্ত পরিবেশ পরিস্থিতিতে ফলিত হয়। কতটা দুঃখ-কষ্ট বা সুখ পাবে। এমনকি অসম্পূর্ণ কর্ম, রোগ, জন্ম-মৃত্যু, বিবাহ-বিবাহবিচ্ছেদ, দুর্ঘটনায় দুঃখের পরিমান নির্ণয় করে পূর্বজন্মের কর্ম থেকে।

বি: দ্র: চিত্রগুপ্ত বা সূক্ষ্ম শরীর প্রত্যেক কর্মের পরিমান অনুযায়ী প্রতিক্রিয়া করে নির্দিষ্ট পরিবেশ পরিস্থিতি জন্ম প্রদান করে কর্মফল দানের জন্য।

৩) ক্রীয়মান কর্ম: শরীর দিয়ে যে কর্মগুলি সংগঠিত হয় সেগুলি ক্রীয়মান কর্মের মধ্যে পড়ে। এইগুলি সাধারণত বর্তমান কর্মফল প্রদান করে থাকে। মানব শরীর পঞ্চভূত (জল, বায়ু, অগ্নি, মাটি, আকাশ) দিয়ে নির্মিত। অন্তর ক্রিয়া যে কোন বস্তুর মধ্যে তৎক্ষণাৎ ফল দান করে। যেমন- নেশার দ্রব্য ভ্রাগ মানব শরীরে বিষক্রিয়া ঘটায় ফলে শরীরের মৃত্যু হয়। ক্রীয়মান কর্ম কোন আবেগ ছাড়াই হয়ে থাকে। কোন কোন সময় অবিদ্যা, ভুল সিদ্ধান্তের জন্য খারাপ পরিস্থিতির শিকার হতে হয়।

অকাল মৃত্যু: বর্তমানের কর্মই বেশীরভাগ সময় কারন হয় অকাল মৃত্যুর। যেমন দ্রুগ হত্যা, অবাধ বালকের হত্যা, কোন ঘুমন্ত পুরুষের হত্যা, গুরুজনের অবহেলা-অপমান, নারীর মান ও পবিত্রতা মর্দন, হত্যা জাতীয় নিষ্ঠুর অপরাধে বর্তমান আয়ু ক্ষয় হয়, তাদের পরিনতি এই জন্মে দুর্ঘটনা জনিত অকাল মৃত্যু প্রাপ্ত হয় বা পরবর্তী জন্মে স্বল্প আয়ু হয়।



## ক্রিয়া বা কর্ম বন্ধনের থেকে মুক্তি:

কর্ম দিয়েই কর্ম বন্ধন থেকে মুক্তি সম্ভব। জীব আত্মার জন্ম পরমাত্মা থেকে, পরম আত্মায় মিলিত হওয়াই আমাদের জীবনের প্রধান লক্ষ্য। এই কর্ম বন্ধন থেকে মুক্তির অতিশয় শ্রেষ্ঠ উপায় হল - অনাসক্ত, বৈরাগ্য, ভক্তিপ্রেমের সহিত সেবা, সমর্পণ ও ক্রিয়াযোগ।

তবে, মানবের ধর্ম সম্বন্ধে একটু সচেতন থাকা দরকার। পরম পূজনীয় গুরুদেব শ্রী শ্রী মাহেশ্বরী প্রসাদ দুবেজী বলেছেন - “আত্মার তেজকে ধারণ করাই ধর্ম”

আর ধর্ম থেকে বড় কী? দয়াই ধর্ম থেকে বড়, গুরুদেব শ্রী লাহিড়ী বাবা বলেন “দয়াই ধর্ম”। পশুতা থেকে মানব ধর্মে দৃঢ়-সংকল্পের পথিক হতে হয়।

প্রত্যেক আত্মার গুণ ধর্ম হল -

১) অনাসক্তির শক্তি, ২) মুক্ত করার শক্তি, ৩) সহনশীলতার শক্তি, ৪) গ্রহণযোগ্যতার শক্তি, ৫) উপলব্ধি করার শক্তি, ৬) নির্ণয় নেওয়ার শক্তি, ৭) নকারাত্মক নাশ করার শক্তি, ৮) শর্তহীন ভালোবাসার শক্তি।

ঈশ্বরে একাকার হতে ঈশ্বর-প্রেম মগ্ন হয়ে কর্ম/ ক্রিয়া যোগ সম্পন্ন করতে লাগে -

**অনাসক্তি:** সমস্ত কর্ম বন্ধন ও পুনঃজন্ম প্রাপ্তি সংঘটিত হয় আসক্তিতে। আসক্তি ছাড়লেই ক্রিয়াযোগ সিদ্ধ হয় এবং ঈশ্বরের প্রাপ্তি হয়। কর্ম দ্বারা প্রাপ্ত ফলের আকাঙ্ক্ষা না করাই আসক্তি রোহিত। সাধারণ মানুষের নিজের কামনা পূরণের জন্য কোন কাজে প্রবৃত্ত হন, এই কামনাই কর্ম বন্ধন সৃষ্টি করে। ভগবান বলেছেন -

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা নিয়ম্যরভতেহর্জুন।  
কমেন্দ্রিয়ৈঃ কর্মযোগমসক্তঃ স বিশিষ্যতে।।৭।। (গীতা)

অর্থাৎ মনের দ্বারা ইন্দ্রিয়গুলিকে সংযত করে অনাসক্ত হয়ে কমেন্দ্রিয়ার সাহায্যে কর্ম করতে হবে। কর্মকে ত্যাগ না করে অসক্তিকে ত্যাগ করাই কর্তব্য। অনাসক্তির মাধ্যমেই কর্ম থেকে বিচ্ছিন্ন হওয়া যায়। ক্রিয়াযোগী কোনও কর্ম নিজের জন্য করেন না। তিনি মনে করেন শরীর, ইন্দ্রিয়াদি, মন, বুদ্ধি, পদার্থ, অর্থ, জগৎ থেকে পাওয়া, এইগুলি জগৎ সংসারের জন্য, নিজের জন্য নয়। কারন কামনা-বাসনার মাধ্যমে জগতের সঙ্গে সম্পর্ক স্থাপিত হয়।

তাই পরমাত্মাকে প্রাপ্তির জন্য ঈশ্বর বলছেন-

তস্মাদসক্তঃ সততং কার্যং কর্ম সমাচর।  
অসক্তো হ্যাচরন্ কর্ম পরমাপ্নোতি পুরুষঃ।। ১৯।।(গীতা)

**বৈরাগ্য:** মানুষ যখন স্বয়ং এটি উপলব্ধি করতে পারে যে আমি শরীর নই, আমি মনও নই। তখন কামনা, মমতা, মানসিক ইচ্ছা, একাত্মবোধ সব দূর হয়। বাকি থাকে শুধু দায়িত্ব ও কর্তব্য। সেটাই হল বৈরাগ্য। তবে প্রকৃত বৈরাগী নয় - বিষয় বৈরাগী, স্বজন বৈরাগী, কায় বৈরাগী। কারন এদের মধ্যে মমত্ব বোধ থেকে যায়। যা মৃত্যুর পরও টিকে থাকে যা অস্থি বিসর্জনের পর গতি হয়। একমাত্র বিবেক জাগ্রত এই মমত্ব দূর হয়। বিবেক অর্থাৎ জড় চেতন, প্রকৃতি-পুরুষ ও দেহ-দেহী ভিন্নতর জ্ঞান। কামনা ও মমত্ব নাশ হলে অহংভাবের নাশ হলেও সূক্ষ্ম শরীরে অহং বোধ থেকে যায় যা একমাত্র ভগবদ্ প্রেমের দ্বারা দূর হয়।

**সেবা:** সেবা কথার অর্থ সুখী করা। সাধকের ভাব হবে - তিনি সকলকেই সুখী করেন বা সেবা করেন। ‘মা কশিচৎ দুঃখভাগভবেৎ’ অর্থাৎ কারো বিন্দুমাত্র দুঃখ যেন না হয়। সকলকে সুখী করতে না পারলেও সাধক বা যোগীর এইরূপ মনভাব রাখা উচিত। সেবার জন্য অর্থ-সামগ্রীর প্রয়োজন নেই। সেবা সেইই করতে পারে যে নিজের জন্য আশা করে না। যদি আমরা ভাবি ‘আমি অপরকে খুশী করেছি’ বা ‘আমি কাউকে কিছু দান করেছি’ তাতে মান, যশ, পুণ্য ইত্যাদি প্রাপ্তির আশা থেকে যায়। যা প্রকৃতপক্ষে ভোগ। আমাদের এই ভোগ থেকেই বিরত থাকতে হবে। এর থেকে সুখভোগও প্রাপ্ত হয় এই সুখই সবার জীবনে মমতা ও কামনার উৎপত্তি ঘটায়, যা কর্ম বন্ধন। প্রকৃত সেবা হল ভাব, কর্ম নয়। নিজের যা আছে তা দিয়েই পূর্ণভাবে হয়ে সেবা করা যায়। সেবা দ্বারা মুক্তি লাভ সম্ভব। বস্তুগুলিতে গুরুত্ব না থাকলে তবেই সেবা করা যায়। ভক্ত সবকিছু ত্যাগের পর ঈশ্বরের সেবায় মগ্ন হয়ে যায়। তখন প্রভুকে যেমন রাখে প্রভু তেমন থাকে। সেবায় এত শক্তি যে ভক্ত যেমন চায় তেমনি প্রভু ক্রিয়া করে তার জন্য।

**সমর্পণ:** সমর্পণ বলতে ঈশ্বরের কাছে আত্মসমর্পণ বলা হয়েছে। প্রেম-ভক্তির মাধ্যমে সমর্পণ, মীরাবাই – ‘মেরে তো গিরিধর দূসরো ন কোই’। আমার কাছে আজ যা কিছু বর্তমান, সব ঈশ্বরের কাছে থেকে পাওয়া, সে গুলির সবকিছু তার চরনে সমর্পণ করা। জীবের ভীতর ও বাইরে শুধু তিনি, কায়-মন-বাক্যে শুধু তিনি। এই অনুভূতি হওয়া -

“ত্বমেব মাতা চ পিতা ত্বমেব  
ত্বমেব বন্ধুশ্চ সখা ত্বমেব।  
ত্বমেব বিদ্যা দ্রবিণং ত্বমেব  
ত্বমেব সর্বং মম দেবাদেব।।”

ঈশ্বরের কাছে সমর্পণ হলে, তিনি সর্বত্র, সর্বজনে, সর্ববস্তুতে অনুভব হয়। শরীররূপী মায়া ছিন্ন হয়। এমনকি শ্বাস-প্রশ্বাসে তাকেই পাওয়া যায়। অজপা-জপ ও ভক্তি-ক্রিয়াযোগ শুরু হয়। তাকে ছাড়া আর কিছুতে মন রচেনা। ভগবদ্ প্রেম-ভক্তিতে পরিপূর্ণ আত্মার সমস্ত দায়-দায়িত্ব ঈশ্বরের হয়ে থাকে।

**ক্রিয়াযোগ:** আজ পর্যন্ত যা কিছু পেয়েছি, জন্ম-জন্মান্তর ধরে সবই সকাম কর্মের ফল। কিন্তু নিষ্কাম ভাবে কর্ম করে নয়। গুরুদেব প্রদত্ত ক্রিয়াযোগ দিয়েই এই নিষ্কাম যোগ চালু হয়।

তবে অনাসক্ত হয়ে সেবা-সমর্পন ভাব দিয়ে ক্রিয়া করলে বেশী আনন্দ উপলব্ধি হয়। গুরু কৃপা প্রাপ্ত হলে এ জীবন সহজ, সরল ও উর্ধ্বগামী হয়। এটি ঈশ্বরের আশীর্বাদ যে তিনি আমাকে বা আমাদের চয়ন করেছেন। সমস্ত ক্রিয়াবান ক্রিয়াযোগ মাধ্যমে কর্মজনিত ফল ত্যাগ করে ঈশ্বরের সাথে একাকার হতে পারে। ক্রিয়াযোগ প্রাপ্ত হয় ভগবানের কৃপা হলেই। নতুন কর্মযোগ চালু বা অসমাপ্ত ক্রিয়াযোগ সম্পন্ন করার জন্য। বিবেক দ্বারা যে উচ্চতা লাভ হয় সেখানে ভাগ্য কাজ করে না।

‘অব্যয়মেব ভোক্তব্যং কৃতং কর্ম শুভাশুভম্’। অতীত বা বর্তমান কর্ম অনুযায়ী শুভ-অশুভ ফল প্রাপ্ত হয়, যেটি আমাদের অবশ্যই ভোগ করতে হয়। একমাত্র ঈশ্বর কৃপায় ক্রিয়াযোগ, গুরু সান্নিধ্য লাভ সম্ভব। তাতেই কর্মরত হয় “অভ্যাসযোগেনযুক্ত”।

ওঁ গুরু ব্রহ্মা, গুরু বিষ্ণু, গুরুদেব মহেশ্বর।  
গুরুসাক্ষাৎ পরব্রহ্ম, তস্মৈ শ্রী গুরুবে নমঃ॥



# মহারাষ্ট্রের জ্যোতির্লিঙ্গ ওন্দা নাগনাথ

সৌমেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

অনেকদিন ধরেই ভাবছি যে আমাদের অন্বেষণ পত্রিকায় একটা লেখা আমি দেব। কিন্তু যে কোনও লেখা তো অন্বেষণ পত্রিকায় দেওয়া যাবে না, তাই অনেক চিন্তা করে ভাবলাম অল্প দেখা, অল্প জানা এক শিবভূমি ভ্রমণের কাহিনী আমি লিখব। স্মৃতির মনিকোঠায় ভেসে উঠলো প্রায় এক দশক আগে যাওয়া মহারাষ্ট্রের এক অল্প খ্যাত জ্যোতির্লিঙ্গ ওন্দা নাগনাথের কথা। ভাবনা মাত্রই শুরু করে দিলাম ভ্রমণ কাহিনী লেখা।

দ্বাদশ জ্যোতির্লিঙ্গের অন্যতম, মহারাষ্ট্রের ভীমাশঙ্কর মহাদেব দর্শন করে আমরা চলে এলাম পুনা বাস স্ট্যান্ড। পুনা থেকে ট্রেনে চড়ে আমরা চলে যাব পূর্ণা। সেখান থেকে ট্রেনে হিঙ্গোলী স্টেশন হয়ে চলে যাব মহারাষ্ট্রের তীর্থক্ষেত্র ওন্দা নাগনাথ। পূর্ণা - আকোলা জংশন এই রেল পথের ওপরই একটি স্টেশন হিঙ্গোলী। এই হিঙ্গোলী স্টেশন থেকে মাত্র আঠারো কিলোমিটার দূরে বাসপথে যেতে হয় মহারাষ্ট্রের শৈব তীর্থ ওন্দা নাগনাথ।

প্রথম দর্শনেই ভালো লেগে গেল হিঙ্গোলী স্টেশন। খোলামেলা স্টেশন চত্বর, সারা দিনে কয়েক জোড়া ট্রেন মাত্র যাতায়াত করে। তাই প্ল্যাটফর্মে কোন ভিড়, কোলাহল, ব্যস্ততা কিছুই নেই। নির্জন শান্ত পরিবেশ। স্টেশনে ট্রেন ঢোকান মাত্র আধঘন্টা আগে টিকিট কাউন্টার খোলা হয়। ঝকঝকে পরিষ্কার ওয়েটিং হল। প্ল্যাটফর্মে একটা বড় ব্যানার লাগানো, যাত্রীদের অবগতির উদ্দেশ্যে তাতে লেখা আছে হিঙ্গোলীর কাছে তিনটে বড় তীর্থক্ষেত্রের কথা।



নির্জন শান্ত হিঙ্গোলী স্টেশন

একটি অষ্টম জ্যোতির্লিঙ্গ ওন্দা নাগনাথ বা ঔঙ্ক নাগনাথ, রাষ্ট্রসন্ত নাম দেও মহারাজের জন্মস্থান দারুকা বন, এবং আরেকটি শিখদের তীর্থক্ষেত্র নর্সি গুরুদ্বার।

যদিও অষ্টম জ্যোতির্লিঙ্গ হিসেবে ওন্দা নাগনাথের নাম কোন পাঁজি বা পুঁথিতে বা Indian Tourism Development Corporation এর তালিকায় নেই, কিন্তু মহারাষ্ট্রবাসীদের দৃঢ় বিশ্বাস ইনিই হলেন অষ্টম জ্যোতির্লিঙ্গ।

সন্তভূমি হিঙ্গোলীতে যাত্রীদের স্বাগত জানানো হয়েছে। হিঙ্গোলীতে নেমে অটোরিক্সা চেপে আমরা চলে গেলাম সরকারি বাস স্ট্যান্ড। সেখান থেকে বাসে করে সোজা চলে গেলাম ওন্দা নাগনাথ। বাসস্ট্যান্ডে নেমেই চোখে পড়ল মন্দির চত্বরে ঢোকান প্রধান তোরণ। দূরে পাহাড়ের সারি। কালো পিচ রাস্তা ঐক্যেবেঁকে চলে গেছে বহুদূর, ধীরে ধীরে দূরের নীল সবুজ পাহাড়ের কোলে গিয়ে মিশে গেছে। অটো থেকে নেমে রোদের বেশ চড়া তাপ গায়ে মেখে চললাম হোটেলের খোঁজে। খুব একটা মনের মত থাকবার জায়গা না পেয়ে সোজা চলে গেলাম মন্দিরের মূল তোরণ পেরিয়ে মন্দির কমিটির গেস্ট হাউসের দিকে, কারণ স্থানীয় লোকজনের কাছে খোঁজ নিয়ে জানা গেল যে মন্দিরের একেবারে গায়ে লাগোয়া গেস্ট হাউসে থাকবার খুব ভালো বন্দোবস্ত আছে। মিনিট দশেক হাঁটা পথ ধরে পৌঁছে গেলাম মন্দির কমিটির অফিসে। একদিনের জন্য একটা ঘর বুক করে ফেললাম। চৌকিদার ঘরের দরজা খুলে দিল, বেশ বড় ঘর। ঘরের লাগোয়া প্রশস্ত বারান্দা, রান্না করার জায়গা, বাথরুম, ইত্যাদি একবারে এলাহী ব্যাপার। কিছুক্ষণ পরেই ঝাড়ুদার ঘরদোর সব পরিষ্কার করে দিয়ে গেল। ঘরের ভাড়া মাত্র ২৫০ টাকা প্রতিদিন, আমাদের কাছে স্বপ্নের মতো মনে হলো।

সিমেন্ট বাঁধানো চওড়া উঠোন কে ঘিরে এই গেস্ট হাউস তৈরি করা হয়েছে। গেস্ট হাউসের লাগোয়া দোতলা বাড়ি, সেখানে বড় বড় হলঘর। প্রচুর তীর্থযাত্রী একসঙ্গে বিশ্রাম নিতে পারে। উঠোনের একধারে চায়ের দোকান, দোকান পেরিয়ে ধাপে ধাপে সিঁড়ি নেমে গেছে মন্দিরের প্রধান দরজার দিকে। মন্দিরের মূল ফটকের দুই ধারে ফুলের পসরা সাজিয়ে বসেছে স্থানীয় মহিলারা। গোলাপ, গাঁদা, শালুক, বেলপাতা, তুলসী পাতা আরো কত নানা রঙ-বেরঙের ফুল সব কিছুই তরতাজা, যেন এইমাত্র বাগান থেকে তুলে আনা হয়েছে।

ওন্দা নাগনাথ তো ভগবান শিব, মহাদেব। শিবের পূজা তো বেলপাতা দিয়েই সমাপন করা হয়, তাহলে তুলসী পাতা কি জন্য? তুলসীপাতা তো লাগে ভগবান বিষ্ণুর, নারায়ণের পূজায়। এই কথা জিজ্ঞেস করাতে ওরা বলল যে এই নাগনাথের পূজোতে বেলপাতা ও তুলসী পাতা দুইই অর্পণ করা হয়, কারণ এখানে তিনি হরিহর রূপে বিরাজিত।



আমরা স্নান সেরে পূজার ডালি নিয়ে মন্দিরের প্রধান দরজা পেরিয়ে চলে গেলাম ভগবান নাগনাথের পূজা দিতে। মন্দিরে প্রবেশ করলাম, বিশেষ ভিড় নেই। বিশাল পাথুরে চাতাল, মূল মন্দির পশ্চিমাভিমুখী। মন্দির গাত্রের কারুকার্য ও স্থাপত্য শিল্প অপূর্ব সুন্দর। উপরের অর্ধেক অংশ পাথরের উপর সাদা রং করা আর নিচের অর্ধেক অংশ প্রাকৃতিক বালি পাথরের রং। এইরকম মন্দিরের স্থাপত্য আগে আর কখনো চোখে পড়েনি। মূল মন্দিরের পশ্চিম দ্বারের সিঁড়ি দিয়ে

ধাপে ধাপে উঠে প্রবেশ করলাম নাট মন্দিরে। নাট মন্দিরের মাঝে কালো পাথরের কূর্ম দেবতার মূর্তি। কূর্ম মানে কচ্ছপ, কূর্ম দেবতা ভগবান বিষ্ণুর দশ অবতারের মধ্যে দ্বিতীয় অবতার রূপে পূজিত হন। কিছু ফুল অর্পণ করে চলে গেলাম কালো কণ্ঠি পাথরের তৈরি চতুর্ভুজ ভগবান বিষ্ণুর মূর্তির সামনে। মূর্তিটি প্রায় পাঁচ ফুট উচ্চতা বিশিষ্ট। তাঁর পাদপদ্মের পাশেই ছোট ছোট কয়েকটি শিবলিঙ্গ। পাশেই জ্বলছে জাগ প্রদীপ, অখন্ড-নিষ্কম্প দীপশিখা। এই মন্দিরে হরিহর একই সঙ্গে পূজিত হন।



মূল মন্দিরের প্রবেশ পথ

ভগবান শ্রী বিষ্ণুর মূর্তির পাশেই একটি সিঁড়ি নিচে নেমে গেছে। খুব উঁচু উঁচু ধাপ এবং সংকীর্ণ। অতি সন্তর্পণে দুই হাত ও পা দিয়ে শরীরের ভারসাম্য রক্ষা করে আমরা সিঁড়ি বেয়ে ধীরে ধীরে নামতে লাগলাম। কিছুটা নামার পরে প্রায় হামাগুড়ি দিয়ে একটি ছোট ঘরে প্রবেশ করলাম, যেন স্বয়ং দেবাদিদেব মহাদেবের সাধন গুহা। সেই ছোট ঘরে প্রবেশ করেই চমক ভাঙলো শ্রী নাগনাথের দর্শনে, অত্যুজ্জ্বল রূপের আভরণে ঢাকা। শুনলাম নিরাভরণ শিবলিঙ্গের মাথায় জল ঢালতে হলে মন্দিরে সকাল আটটার মধ্যেই প্রবেশ করতে হবে। সকাল আটটার পরেই তাঁর শ্রীঅঙ্গে চাপিয়ে দেওয়া হয় একটি রুদ্ররূপী রূপের আভরণ। প্রায় ৮ ফুট বাই ৮ ফুট একটি পাথরের ছোট ঘর, উচ্চতা চার ফুটের বেশি নয়। সেই গুহারূপ প্রকোষ্ঠের মধ্যমণি হয়ে বিরাজ করছেন স্বয়ং নাগনাথ। শিব লিঙ্গের চারিদিকে পাথরের খিলান। কোনো রকমে পিঠ 77

সোজা করে আমরা দেবাদিদেবের সামনে বসলাম। দেয়ালের গায়ে ছোট ছোট খোপের মত জায়গা, সেখানে তেলের অখন্ড দীপশিখা আলোকিত করছে সেই গুহা মন্দির। এই গুহা মন্দিরে যান্ত্রিক পদ্ধতিতে ভেন্টিলেশনের বন্দোবস্ত থাকায় শ্বাস-প্রশ্বাসে কোন কষ্ট নেই। দুইজন পুরোহিত উদাত্ত কণ্ঠে মন্ত্র উচ্চারণ করে পূজো পাঠ করছেন। দর্শনার্থীর ভিড় তখন একটু কম হওয়ার জন্য আমরা বেশ কিছুক্ষন গর্ভগৃহে পরমেশ্বরের সামনে বসবার সুযোগ পেলাম। পূজার ডালির ফুল মহাদেবের মাথায় অর্পণ করে সশ্রদ্ধ প্রণাম জানালাম। ধীরে ধীরে হামাগুড়ি দিয়ে বেরিয়ে সিঁড়ি দিয়ে উঠে এলাম। বিকেলের পড়ন্ত সূর্যের কিরণ মন্দিরের চূড়ার ওপর পড়ে ঝলমল করছে। দূরে দিকচক্রবালের কাছে নীল আকাশের বুকে সবুজ পাহাড়ের সারি।

তাড়াতাড়ি ক্যামেরা নিয়ে এসে ছবি তোলার উপক্রম করতেই বাধা পড়ল। মন্দিরের সিকিউরিটি স্টাফ বলল যে মন্দিরের পরিচালন পর্ষদের কোন দায়িত্বপ্রাপ্ত অফিসার এর কাছে পারমিশন না নিয়ে কোন ছবি তোলা যাবে না। অগত্যা ক্যামেরা, পরিচয়পত্র ইত্যাদি সঙ্গে নিয়ে সেই অফিসারের কাছে মাত্র চারটি ছবি তোলার অনুমতি পাওয়া গেল।




ট্রেন থেকে সূর্যাস্ত

কিন্তু মন চায় আরো ছবি। ঠিক করলাম অল্প কিছু ছবি তুলে আবার আগামীকাল যখন কোন আধিকারিক আসবেন তখন আবার তাঁর অনুমতি নিয়ে আরো কিছু ছবি তুলবো। যাইহোক আজকের মত ছবি তোলার পর্ব শেষ করে মূল মন্দিরের পিছনে ছোট্ট একটা শিব মন্দিরের সামনের সিঁড়িতে গিয়ে বসলাম। পশ্চিম আকাশে পাহাড়ের সারির পিছন দিয়ে দিনমণি পাটে বসেছেন। খুব মনোরম পরিবেশ, মৃদুমন্দ বাতাস বইছে, মন আপনা হতেই শান্ত সমাহিত হয়ে যায়।

এমন সময় নজরে পড়ল এক বৃদ্ধ লাঠি হাতে মন্দির পরিক্রমা করছেন। পরণে সাদা ধুতি আর পাঞ্জাবি। উনি কয়েকজন তীর্থযাত্রীদেরকে মন্দিরের গায়ে খোদাই করা মূর্তিগুলোর দিকে দেখিয়ে কিছু বোঝাচ্ছেন। তীর্থযাত্রীরা তাঁকে জোড়হাতে প্রণাম করে বিদায় নিতেই তিনি গোটা মন্দির চত্বরে যত দেবদেবীর মন্দির আছে তার সামনে গিয়ে একে একে প্রণাম করলেন। আমরা গুটিগুটি ধীর পায়ে এগিয়ে গিয়ে হাতজোড় করে সেই বৃদ্ধ ভক্তের কাছে প্রণাম করে আমাদের অভিবাদন জ্ঞাপন করলাম। ওনার পরিচয় জানতে চাওয়ায় বললেন যে উনি থাকেন কাছেই এক গ্রামে। বছরের ৩৬৫ দিনই দেব দর্শনে মন্দিরে আসেন। অযাচিতভাবে তিনি বলতে লাগলেন প্রাতঃকালে উঠে প্রতিদিন আমাদের কি কি মন্ত্র পাঠ করা উচিত, যাতে দিনটা শুভ হয়। আবার রাত্রিতে শোবার সময় কি মন্ত্র পড়তে হবে যাতে কেউ দুঃস্বপ্ন না দেখে এবং ঘুম ভালো হয়। এইভাবে একের পর এক মন্তোচ্চারণ করতে লাগলেন সুর ও ছন্দ মিলিয়ে। এরপর সংক্ষেপে বর্ণনা করলেন তাঁর জীবনচর্যা, সারা জীবন অনেক লড়াই করে মনের তীব্র শক্তি দিয়ে বহু চড়াই উৎরাই পেরিয়ে আজ শেষ প্রান্তে উপনীত হয়েছেন। ধীরে ধীরে আমরা তাঁর সঙ্গে মিশে গেলাম বহুদিনের পরিচিত কোন আত্মীয়ের মত। অল্প সময়েই উনি আমাদের হৃদয় জয় করে ফেললেন।

এরপর আমরা জানতে চাইলাম নাগনাথজীর মাহাত্ম্য কথা। আমাদের প্রশ্ন শুনে উনি ভাবে গদগদ হয়ে বলতে লাগলেন, প্রাচীনকালে সন্ত নামদেও জী ছিলেন এক শিখ ভক্ত মহাপুরুষ। কিন্তু শিখ ভক্ত হলেও তিনি প্রত্যেকদিন এই মন্দিরে ভজন কীর্তনে রত থাকতেন। নাগনাথজীর আরাধনায় গভীরভাবে সমাধিস্থিত হয়ে থাকতেন এই ভক্ত প্রবর। সেই সময়ে মন্দিরের প্রবেশদ্বার ছিল পূর্বমুখী যা আমাদের ভারতবর্ষের সমস্ত প্রাচীন হিন্দু মন্দিরেই থাকে।

একদিন ঘটলো এক অভাবনীয় ঘটনা। সন্তদেওজি কোনও এক বিশেষ দিনে মন্দিরে পূজার জন্য ঢুকতে গিয়ে বাধা পেলেন পুরোহিতদের কাছে। অনেক অনুরোধ উপরোধেও কোন কাজ হলো না। অগত্যা বাধ্য হয়ে তিনি চলে গেলেন মন্দিরের পিছনে পশ্চিম দিকের খোলা প্রাঙ্গণে। সেই নির্জন স্থানে বসেই তিনি চোখের জলে প্রভুর ভজন কীর্তন ও আরাধনা করতে শুরু করলেন। ভক্তের করুণ আর্তিতে দেবাদিদেব সাড়া না দিয়ে পারলেন না। পূর্বাস্য গোটা মন্দির ঘুরে গিয়ে পশ্চিমাস্য হয়ে গেল। ভক্তের জন্য ভগবান সবকিছুই করতে পারেন এ যেন তারই প্রমাণ। শিবজীর মন্দিরের সামনে যে নন্দীর মূর্তি ছিল, সেই মূর্তিও দেখা গেল একদিকে হেলে গিয়ে মুখ ঘুরিয়ে নিল। সত্যিই সেই মুখ ঘোরানো একদিকে হেলে যাওয়া নন্দীর মূর্তি ভারতবর্ষের আর কোথাও দেখা যায় না।



সন্ত দেওজীর স্মৃতি মন্দির



ঘুরে যাওয়া নন্দী

সেই দিনের সেই পবিত্র দৈব ঘটনার কথা মনে রেখে সন্তদেও জীর স্মৃতিতে মন্দিরের পশ্চিম দিকে তাঁর একটি মন্দির তৈরি করা হয়েছে। সারা বছর ধরে প্রচুর শিখ ভক্ত সন্তদেও জীকে শ্রদ্ধা জানাতে এই মন্দিরে আসেন। শিখ ভক্তগণ এই ভক্তশ্রেষ্ঠ সন্তকে ও তাঁর ইষ্টদেবকে শ্রদ্ধাবনত চিত্তে প্রণাম জানিয়ে যান।

নাগনাথজি ও শন্ত দেওজির কাহিনী বর্ণন যখন শেষ হল, তখন তাঁকে আমরা পুনরায় প্রশ্ন করলাম যে মন্দিরের উপরের অংশ আর নীচের অংশের স্থাপত্যশৈলী ও রঙের বৈচিত্র্য দু'রকম হওয়ার কারণ কি?

বৃদ্ধ ভক্ত বলতে লাগলেন, মোঘল সম্রাট ঔরঙ্গজেব এই প্রাচীন মন্দির আক্রমণ করে প্রচুর ক্ষতি সাধন করেছিলেন। মন্দিরের চূড়া ও গায়ের প্রায় সবকিছুরই স্থাপত্য ও পাথরের কারুকার্য ধ্বংস করে ফেলেছিলেন।



কালক্রমে রানী অহল্যাবাই এই মন্দিরের নীচের দিকের কিছুটা অংশ অপরিবর্তিত রেখে আমূল সংস্কার করেন। তাই মন্দিরের গায়ের রং ও বৈচিত্র্য দুই রকমের।



মন্দিরের গায়ে নানা দেব দেবীর মূর্তি



বৃদ্ধা ভক্তের নাগনাথ জীর মন্দির পরিক্রমা

কথা বলতে বলতে সন্ধ্যা নেমে এল। এইবার সেই বৃদ্ধ ভক্ত উঠে পড়লেন, তাঁকে ফিরতে হবে গ্রামে তাঁর বাড়িতে। উনি বললেন বাড়ি ফেরার আগে নাগনাথজীর মূল মন্দিরের পিছনে হনুমানজীর মন্দির দর্শন করবেন। আমরাও সাগ্রহে রাজি হলাম তাঁর সঙ্গে যেতে। লাঠিতে ভর করে ধীরে ধীরে উনি মন্দিরের প্রাচীর পেরিয়ে পাকা রাস্তায় এসে পড়লেন। রাস্তার ধারেই পূর্ব দিকে একটা বিশাল দিঘী। দিঘীর ওপারে মা কালীর মন্দিরের আলো চোখে পড়ছে। পূব আকাশে দিকচক্রবালের কিছু উপরেই কোজাগরী পূর্ণিমার বিশাল চাঁদ উঠেছে। চন্দ্রালোকে দিঘির জল, ওপারের জঙ্গল, মন্দির, রাস্তা সবকিছু উদ্ভাসিত হয়ে উঠেছে। মৃদুমন্দ বাতাস দিঘীর জলে ছোট ছোট ঢেউ তুলেছে। চাঁদের আলো দিঘির জলে প্রতিফলিত হয়ে এক মায়াবী পরিবেশ তৈরি করে চলেছে। গলানো রূপো যেন পরমেশ্বর নিজের হাতে মিশিয়ে দিচ্ছেন সেই দিঘীর জলে। কোনও বিজলী-বাতি নেই বলে জ্যেৎস্না রাতের রূপ আরো মোহময় হয়ে উঠেছে।



দীঘির ওপারে কালী মন্দির

ধীরে ধীরে আমরা পৌঁছে গেলাম হনুমানজীর মন্দিরে। দীঘীর একেবারে ধারে একটু হেলে যাওয়া ছোট মন্দির। সিঁড়ি দিয়ে উঠে এলাম গর্ভগৃহ লাগোয়া ছোট চাতালে। অন্ধকার গর্ভগৃহে প্রদীপের আলোয় আলোকিত হনুমানজীর মূর্তি। আমরা তিনজন একসঙ্গে খুব ভক্তি ভরে হনুমান চালিশা পাঠ করলাম।

এরপর ঘন্টা বাজিয়ে মন্দির থেকে বাইরে বেরিয়ে এলাম। দীঘির ধারে মন্দির সংলগ্ন চাতালে কিছুক্ষণ নিস্তব্ধ হয়ে বসে রইলাম, প্রাণভরে উপভোগ করলাম জ্যোৎস্না রাতের এই নির্জনতা। বৃদ্ধ মানুষটিকে আমরা ধীরে ধীরে হাত ধরে সিঁড়ি দিয়ে নামিয়ে আনলাম। এইবার বিদায়ের পালা। উনি চলে যাবেন ওনার বাড়িতে, আর আমরা ফিরে আসব মন্দির কমিটির গেস্ট হাউসে। লাঠি হাতে ভর দিয়ে হাঁটতে হাঁটতে উনি মিলিয়ে গেলেন



দীঘির ধারে হেলে যাওয়া হনুমানজীর মন্দির

জ্যোৎস্না রাতের পথ ধরে। এক অদ্ভুত শ্রদ্ধা ও ভালোবাসার টানে যেন চিরতরে বাঁধা পড়ে গেলাম ওই ওন্দা গ্রামের বৃদ্ধের কাছে। হয়তো আর কোনদিন ওনার সঙ্গে দেখা হবে না, এই ভেবে মনের ভিতরটা ডুকরে কেঁদে উঠলো। কিন্তু চাওয়া-পাওয়া, হারানোর এই জীবন পথে যখন একবার বেরিয়ে পড়েছি তখন তো আর থেমে থাকলে চলবে না। তাই মনকে বুঝিয়ে শান্ত করে আবার ফিরে এলাম মন্দির গেস্ট হাউসের সামনে চায়ের দোকানে।

দোকানের মালিক ৩৫-৩৬ বছর বয়সী একটি যুবক। তার বাড়ি কাছেই কোন এক গ্রামে। বাড়িতে আছে তার পরিবার পরিজন, কিন্তু সে তার ঘরবাড়ি ছেড়ে পড়ে থাকে চায়ের দোকানে, সেবা করে তীর্থযাত্রীদের। প্রায় অর্ধ সাধুর মতোই তার জীবন যাপন। ভোর চারটের সময় ঘুম থেকে উঠে স্নান পূজা সেরে কাজে লেগে যায়। খুব ভোর থেকেই ওর চায়ের দোকানে ভিড় লেগে যায়। তীর্থযাত্রী থেকে শুরু করে মন্দিরের পুরোহিত, স্থানীয় দোকানি, সবাই আসে। ওর হাতে তৈরি চা সবার কাছেই প্রিয়। তবে চায়ের সঙ্গে মিশে আছে ওর মিষ্টি ব্যবহার। সারাদিন অক্লান্ত পরিশ্রমের মাঝে শুধু একটু ভোজন এর বিরতি। চা পরিবেশন এর সঙ্গে সঙ্গে সে তীর্থযাত্রীদের বিভিন্ন তথ্য দিয়ে সাহায্য করে। রাত নটার সময় ওর চায়ের দোকান বন্ধ

হয়। ক্লান্ত শরীরে দোকানের সামনেই বেঞ্চ পেতে শুয়ে পড়ে খোলা আকাশের নিচে। পাঠকদের কাছে এই ভক্ত চা দোকানির জীবন চর্জা খানিকটা না তুলে ধরলে হয়ত লেখাটা অসম্পূর্ণ থেকে যেত। যাই হোক, আমরা একটু চা বিস্কুট খেয়ে কিছুক্ষণ বিশ্রাম নিয়ে, চলে গেলাম প্রধান সড়কের ধারে, একটি শুদ্ধ শাখাহারি ধাবায়। রাতের ভোজন পর্ব সেরে গেস্ট হাউসে ফিরে তাড়াতাড়ি ঘুমিয়ে পড়লাম।

খুব সকালে ঘুম ভাঙল মন্দিরের পূর্ব দ্বারের কাছ থেকে ভেসে আসা সানাইয়ের প্রভাতী সুরে। প্রাতঃকৃত্য ও স্নান সেরেই ছুটলাম মন্দির প্রাঙ্গণে। আজ আমাদের নাগনাথজীর নিরাভরণ মূর্তি দর্শন করতেই হবে। মন্দিরে তীর্থযাত্রীদের ভিড় থাকায় বেশ কিছুক্ষণ লাইনে দাঁড়াতে হল। তারপর আগের দিনের মতোই সিঁড়ি বেয়ে প্রায় হামাগুড়ি দিয়ে গর্ভগৃহে প্রবেশ করলাম। শুনেছি কষ্ট করলে কেষ্ট মেলে, মিললও তাই।


অত্যুজ্জ্বল শিবলিঙ্গের মাথায় আমাদের হাত দিয়ে দুধ ও জল ঢেলে স্নান করিয়ে দিলেন পুরোহিত মশাই। গদগদ ভাবে গুরু গম্ভীর কণ্ঠে তিনি শিবের স্তোত্র উচ্চারণ করে চলেছেন। একে একে বেলপাতা, ফুল, তুলসীপাতা মহাদেবের মাথায় অর্পণ করা হলো। আমাদের পূজা সমাপন হবার সঙ্গে সঙ্গে শিবলিঙ্গের উপর আবার চাপিয়ে দেওয়া হলো রুদ্ররূপী রূপোলী আভরণ। আজ আমরা ধন্য ও আনন্দিত। সাষ্টাঙ্গে কৃতজ্ঞচিত্তে পরমেশ্বরের উদ্দেশ্যে সশ্রদ্ধ প্রণাম জানিয়ে বেরিয়ে এলাম মন্দির প্রাঙ্গণে। এবার সকালের নরম আলোয় মন ভরে কিছু ছবি তুলে নিলাম। অনুমতি পেতে খুব একটা বেগ পেতে হলো না। ছবি তোলা সম্পূর্ণ হতেই চললাম দুপুরের প্রসাদের কুপন সংগ্রহ করতে। দুপুরের ভোগ আরতির পরেই প্রসাদ বিতরণ করা হয়। সামান্য টাকার বিনিময়ে আমরা দুটো কুপন সংগ্রহ করলাম। সময় খুব কম, তাই ঘরে ফিরে গিয়ে গোছগাছের পালা। আজ আমরা হিঙ্গলী থেকে ট্রেনে চড়ে চলে যাব আকোলা জংশন, সেখান থেকে মিটারগেজ ট্রেনে চড়ে পৌঁছে যাব আর এক শিবভূমি ওঙ্কারেশ্বর। ঠিক বারোটোর সময় অন্নভোগ বিতরণ শুরু হল, যা অতি সুস্বাদু।

নাগনাথজীর অন্ন প্রসাদ মনের আনন্দে গ্রহণ করে তৃপ্ত হলাম। দেহ, মন, আত্মা সবই যেন তৃপ্ত হল। মনের সকল আশা-আকাঙ্ক্ষা পূর্ণ করে বেরিয়ে পড়লাম বাসস্ট্যান্ডের উদ্দেশ্যে। পিছন ফিরে আর একবার তাকালাম। সবুজ পাহাড়ের কোলে মন্দিরের শ্বেতশুভ্র চূড়া সূর্যের আলোয় ঝলমল করছে। মনে মনে প্রণাম জানিয়ে বিদায় জানালাম নাগনাথজীকে।

প্রায় এক দশক আগের যাত্রাপথের কাহিনী আজ লিখতে বসে ভাবি যে, সেই সময় আমাদের পরম আরাধ্য গুরুদেবের সঙ্গে আমার দেখা হয়নি, বা ঈশ্বরের কৃপায় ক্রিয়াযোগের কোনও পদ্ধতি আমি প্রাপ্ত হইনি। যদি পেতাম, তাহলে এই ওন্দা নাগনাথ ভ্রমণে আর এক নতুন অভিজ্ঞতা লাভ হত। সবুজ পাহাড়ে ঘেরা এই নির্জন পরিবেশে বসে দুর্লভ ক্রিয়াযোগ পদ্ধতি অনুশীলন করতাম। পরম যোগী দেবাদিদেব মহাদেবের চরণতলে আশ্রয় নিয়ে, তাঁরই কৃপায় হয়তো কুটস্থে সমাধিস্থ হয়ে স্থিতি লাভ করতাম। দেব-দুর্লভ দর্শন, রোমাঞ্চকর অনুভূতি, ও অভূতপূর্ব উপলব্ধি সঙ্গে নিয়ে ফিরে আসতাম আমার নিজভূমে। এই জীবনে জানিনা আবার কবে যাওয়া হবে এই ওন্দা নাগনাথ দর্শনে বা আদৌ হবে কিনা, কিন্তু মানস ভ্রমণ অবশ্যই সম্ভব। আর গুরুদেবের কৃপায় যদি কোনদিন সূক্ষ্ম শরীরে ভ্রমণ করার সৌভাগ্য লাভ করতে পারি, তাহলে বারংবার এই শিবভূমি দর্শনে মানব জীবন ধন্য করব, এই আমার আন্তরিক মনোবাসনা।

## "ক্রিয়ানুভব"

-ডাঃ অন্নয় সেন



**ক্রিয়া**যোগ সম্বন্ধে যা যা অনুভব হয় তার কথা বলতে গেলে প্রথমেই সেই বিষয়টি আমি বলবো যে একটি সদর্শক জীবনধারণ পদ্ধতির দিকে আকর্ষণ এবং একই সাথে সেই দিকে চালিত হওয়া ঘটেই যায়। কি করা উচিত আর কি করা উচিত নয় সেই ব্যাপারে ধারণা স্পষ্ট হয়ে যায়। গুরুদেবের কৃপা, গুরু পরম্পরার আশীর্বাদ আর পরমাত্মার ইচ্ছায় যারা পেয়েছে এই ক্রিয়াযোগ, তারা সত্যিই ভাগ্যবান।

একজন যে কোনোদিন ক্রিয়া করেনি তাকে কখনওই বোঝানো সম্ভব নয় যে ভালো থাকা বলতে কী বোঝায়। আমিও যখন ক্রিয়া পাইনি তখন ভাবতাম যে আমি নিশ্চয়ই ভালো আছি। কিন্তু ক্রিয়া করার পর সমস্ত হিসাবটাই পাল্টে গেল। ক্রিয়ার আগের সবচেয়ে ভালো থাকার দিনটা এখন এর তুলনায় অনেক নিচের দিকে থাকবে। আমার ভালো থাকা সব সময় আমার আশেপাশের আর পাঁচজনের ভালো থাকার উপরও নির্ভরশীল। তারা ভালো থাকলে আমি ভালো থাকবো, আর আমি ভালো থাকলে তারা ভালো থাকবে। তাই প্রত্যেকে যদি একটু চেষ্টা করে ক্রিয়া করে নেয়- সে প্রায় অন্ধকারে আলো জ্বলে ফেলার মত- আশেপাশের সবাই সে আলোয় দৃষ্টি পাবে।

যেকোনো পরিস্থিতিতে আসলে কি ঘটছে সেটাকে অনুধাবন করা অনেক সহজ হয়ে যায়। বেশীরভাগ সময়ই আমাদের মন এতটা বিক্ষিপ্ত থাকে যে সহজ বিষয়ও কঠিন রূপে দেখা দেয়।

কিন্তু ক্রিয়া অভ্যাসে থাকা মনের কাছে সে সুযোগ নেই। একেবারে গভীরতম অংশে কি ঘটেছে তাও ভেসে ওঠে।

তবে একটা বিষয় খুবই গুরুত্বপূর্ণ- 'অভ্যাস' এবং 'নিয়মমতো সুনির্দিষ্ট সময় অভ্যাস'। অনেক ক্ষেত্রেই আলস্য আমাদের প্রবল শত্রু রূপে হাজির হয়। এক এক সময় মনে হবে যে আজ না হয় নাই হলো কালকে আরো ভালো করে ক্রিয়া করে নেবো। কিন্তু এই 'কাল' সময়টা আর এসে পৌঁছাবে না। তাই আজই করে রাখতে হবে ক্রিয়া।

আর হ্যাঁ, আমরা শরীর ঠিক রাখার জন্য তো অনেক কিছুই করি, কিন্তু মনকে ঠিক রাখতে কিছু করি কি? খাবার খাওয়া থেকে শরীরচর্চা সবকিছুই শরীরকে প্রাথমিক গুরুত্ব দেয়। কিন্তু মনের জন্য বিশেষ কিছুই নেই। উল্টে ক্রিকেট লিগ, সিনেমা বা স্টক এক্সচেঞ্জ- এই সমস্তই কিন্তু মনকে শান্ত করার বদলে বেশি ছটফটে করে তোলে। চঞ্চল মন নিজের ভালো করার পরিবর্তে ক্ষতিই করে চলে। সেই জন্য মনের খাবার কি কি থাকছে সেটার ব্যাপারে সতর্ক থাকার দরকার।

একজনের মধ্যেই পাঁচ জনের কাজ করা সামর্থ্য চলে আসে। এতগুলো কাজ কি করে করবো বুঝতে পারছিলাম না হয়তো কিন্তু শেষ পর্যন্ত হয়েই যায় ঠিক। অনেকটা ম্যাজিকের মত লাগে। পরে নিজেই অবাক মনে হয়। আসলে মনঃসংযোগ ও সদর্শক ভাবনা খুবই কাজ দেয়। সিদ্ধান্ত গ্রহণের কাজ সহজ হয়ে থাকে- দ্বিধাদ্বন্দ্ব আর সবকিছুকে একসঙ্গে গুলিয়ে ফেলার প্রবণতা অনেকাংশে কমে যায়।

আর এইসব মিলিয়ে যে ব্যাপারটা ঘটে সেটা অনেকটা নিজের চরকায় তেল দেয়ার মত- ফল স্বরূপ গাড়িটা বেশ মসৃণ ভাবে চলে।

সংক্ষেপে এইসব অনুভূতি ঘটেছে ব্যক্তিগতভাবে। এছাড়াও বেশ কিছু অন্তরের অনুভূতি তো থাকেই- যেগুলো নিয়ে গুরুদেবের সাক্ষাতে আলোচনা দরকার।



# "ভক্ত ও ভগবান"

## -সুজয় বিশ্বাস



**আ**জ ভগবান লাভ ও তার পিছনে ধীরে ধীরে গড়ে ওঠা ভক্তের আধ্যাত্ম জীবনের কিছুটা দিক তুলে ধরার চেষ্টা করব। একজন ভক্তের সঠিক ভক্তিত্বই তাঁকে তাঁর ভগবানকে বা আরাধ্যকে পেতে সাহায্য করে। গুরুদেবের সঙ্গে আলোচনা প্রসঙ্গে গুরুদেব একদিন বললেন, সাধারণত ভক্ত তিন প্রকারের হয়ে থাকে – পণ্ডিত, জ্ঞানী ও সরল। এই তিন প্রকার ব্যক্তিত্বই তিন রকম ভাবে ঈশ্বর লাভ করে থাকেন বা ঈশ্বরের সন্ধান করেন। গুরুদেব বললেন যে একজন পণ্ডিত-ভক্ত ভগবানের আলোচনা প্রসঙ্গে তাঁর সমস্ত পাণ্ডিত্যকে প্রকাশ করার চেষ্টা করেন।

একটু বিশদে আলোচনা করলে বিষয়টা এভাবে বলা যেতে পারে। ধরে নেওয়া যাক কিছু মানুষ এক জায়গায় সমবেত হয়েছে কিছু জানবার উদ্দেশ্য নিয়ে। সেখানে একজন পণ্ডিত মানুষ বা ভক্তকে যদি ঈশ্বর সম্পর্কে কিছু বলতে বলা হয়, তিনি তাঁর যথাসাধ্য পাণ্ডিত্য অথবা পুঁথিগত বিদ্যার মাধ্যমে বিভিন্ন রকম ব্যাখ্যা করে (যা আমরা বিভিন্ন ধর্মগ্রন্থে পড়ে থাকি), ভগবানকে তাদের সম্মুখে আনতে চেষ্টা করেন। কিন্তু এই ধরনের ব্যাখ্যার মাধ্যমে মূলত তার বিদ্যা বা পাণ্ডিত্যই প্রকাশ পায়। এই সব প্রকাশের মধ্য দিয়ে তিনি অচিরেই হারিয়ে ফেলেন ঈশ্বরকে পাওয়ার চিন্তা বা যা খুঁজতে তিনি এসেছিলেন। কারণ তিনি প্রাধান্য দেন তাঁর পাণ্ডিত্যকেই - ঈশ্বরকে খোঁজা বাদ দিয়ে; এবং নিজের অজান্তেই তিনি তাঁর অর্জিত বিদ্যার উপর ভর করেন, ঈশ্বরের সঙ্গে যুক্ততা না রেখে।

এইবার বলা যাক, একজন জ্ঞানী ভক্তের কথা। তিনিও একজন পণ্ডিত ভক্তের মতোই তাঁর জ্ঞানকেই প্রাধান্য দেন। মূলত তার কথাবার্তার মধ্যে সমস্ত ধরনের জাগতিক, সাইন্টিফিক তথ্য থেকে পাওয়া জ্ঞান নিয়ে ঈশ্বরকে প্রকাশ করতে আসেন। সেখানেও তাঁর ঈশ্বরের প্রতি সঠিক যুক্ততা থাকে না। কারণ তাঁর অন্যতম প্রকাশের মাধ্যমেই হল জ্ঞান, যেখানে ঈশ্বর থাকেন না।

এবার বলা যাক একজন সরল ভক্তের কথা। একজন সরল ভক্ত একাধারে পণ্ডিত এবং একাধারে জ্ঞানীও। কিন্তু তিনি তাঁর সম্পূর্ণ জীবন ঈশ্বরের প্রতিই সমর্পণ করেন। সরলতার মাধ্যমে বা বলা যেতে পারে বিভিন্ন সরল কার্যের মাধ্যমেই তাঁকে পাওয়া সম্ভব। কারণ একজন ভক্তের কাছে ভগবান সঠিকভাবে তখনই ধরা দেন যখন তাঁকে সরলতার সাহায্যে ডাকা যায়। কোনরকম জটিলতার মধ্যে থাকলে তাঁকে পাওয়া সম্ভব নয় বলেই মনে হয়। একজন সরল ভক্তের কাছে জ্ঞান বা পাণ্ডিত্য প্রকাশ লক্ষ্য নয়। কারণ তাঁর জীবনের অন্যতম লক্ষ্যই হলো ঈশ্বরকে পাওয়া। অতএব কোন যুক্তি, তর্ক অথবা আলোচনার মধ্যেই কিন্তু সেই ভক্ত থাকতে চাইবে না। সে সব সময়ই চেষ্টা করবে এক মনে তাঁকে ডাকবার। কারণ কোন যুক্তি, তর্ক, আলোচনা, পুঁথিগত বিদ্যা বা বলে দেওয়া বিদ্যার মধ্যে যে ঈশ্বর নেই, তা সে জানে। তিনি আছেন শুধুমাত্র অন্তরের ভক্তির আকুলতাতেই। আবার এও বলা যেতে পারে যে, ঈশ্বরই সঠিক ভক্ত হয়ে স্বাভাবিক মানুষের কাছে এসে, মানব কল্যাণের জন্য শিক্ষা দিয়ে যান। তিনি নিজেই দেখিয়ে দিয়ে যান যে ভগবানকে অথবা ঈশ্বরকে কেমন ভাবে ডাকতে হয়।

শ্রীচৈতন্য মহাপ্রভু নবদ্বীপ ধামে জন্মগ্রহণ করেছিলেন। ওনাকে নারায়ণের অবতার হিসেবেও বলা হয়ে থাকে বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে। তিনি স্বয়ং অবতার হয়েও কৃষ্ণ প্রেমে সবসময় লীন হয়ে থাকতেন এবং সর্বদাই কৃষ্ণ নামই জপ করতেন। তিনি স্বয়ং ঈশ্বরের অবতার হয়েও স্বাভাবিক মানুষের মত জীবন যাপন করে, ঈশ্বরকে ডাকবার ও পাওয়ার পথ মানুষের মধ্যে প্রচার করে দিয়ে গিয়েছিলেন হরিনামের ("হরে কৃষ্ণ, হরে কৃষ্ণ, কৃষ্ণ কৃষ্ণ হরে হরে, হরে রাম, হরে রাম, রাম রাম হরে হরে") মধ্যে দিয়ে। চৈতন্য মহাপ্রভু দুই বাছ তুলে রাস্তায় চলতে চলতে কীর্তন করতেন এবং কৃষ্ণের নাম নিতে নিতেই রাস্তায় মূর্ছা যেতেন। তিনি কৃষ্ণ নাম নিতে নিতে পুরীর সমুদ্রের নীল জল এবং তার অন্তহীন গভীরতা দেখে শ্রীকৃষ্ণ ভেবে তার মধ্যে লাফ দিলেন, কারণ তিনি সেই মুহূর্তে সমুদ্রের নীল জলের গভীরতা এবং শ্রীকৃষ্ণের মধ্যে কোন পার্থক্য বুঝতে পারেননি - এতটাই ছিল ওনার ভক্তি ভাব। প্রত্যেক ভক্তকেই সেই ভক্তিরূপ শক্তির ভাব নিয়েই ভগবানকে ডাকা উচিত।




একদিন গুরুদেব হঠাৎ করেই জিজ্ঞেস করলেন যে - পাওয়া ও হওয়ার মধ্যে কোন পার্থক্য আছে কিনা? এই প্রশ্নে বলতে গেলে বলা যায়, পাওয়া এবং হওয়ার মধ্যে পার্থক্য এইখানেই যে - কেউ ভগবানকে ডাকতে ডাকতে স্বয়ং ভগবান হয়ে যান কোনও এক অবস্থায় এসে, বা বলা যেতে পারে তিনি স্বয়ং ব্রহ্মের সত্তার সঙ্গে মিশে যান। একে আমরা ঈশ্বর পাওয়ার সঙ্গে তুলনা করতে পারি। এবং হওয়া বলতে এটাই বোঝায় যে যার পুরোটাই তৈরি, কিন্তু তিনি লোক শিক্ষার জন্য ঈশ্বরকে কিভাবে ডাকতে হয় তা মানব শরীরে সাধারণ মানুষের উদ্দেশ্যে বলে যান। ঠিক যেমনভাবে অনেক যোগী মহাপুরুষরা আমাদের এই ধরাধামে এসেছেন এবং ঈশ্বর পাওয়ার একাধিক মার্গ বা পথ আমাদের দিয়ে গেছেন।

একজন ভক্তের তাঁর ইষ্টের প্রতি ঠিক কতখানি ভক্তি হতে পারে, সেটা কিছুটা আমরা শিবলিঙ্গের সামনে বসে থাকা নন্দীকে দেখলে বুঝতে পারি। সে যেন কোন কিছুই প্রত্যাশা ছাড়াই তার ইষ্টের দিকে মুখ করে বসে থাকে। আবার এটাও বলা যেতে পারে যে, সমস্ত ঘটনার সে সাক্ষী থাকে বা দ্রষ্টা হয়, কিন্তু নিজে তার সঙ্গে যুক্ত হয় না। সে যেন অধীর আগ্রহে, একইভাবে, তার ইষ্টের প্রতি সমর্পিত ভাব নিয়ে চেয়ে রয়েছে। ঠিক সেই ভাবেই প্রত্যেক সাধককেই এই ভাব অবলম্বন করা উচিত। যেখানে পূর্ণ সমর্পণ নিয়ে সে তার ইষ্টকেই শুধুমাত্র ডেকে যাবে। সেখানে কোনও চাওয়া থাকবে না, পাওয়া থাকবে না। শুধুমাত্র দ্রষ্টা এবং সাক্ষী ভাবের সাথে তাঁর সঙ্গে যুক্ত থাকতে হবে বা থাকবার চেষ্টা করতে হবে। কথা প্রসঙ্গে আরও একটি ছোট্ট ঘটনার কথা উল্লেখ করছি। একদিন গুরুদেবকে একজন ভক্ত প্রশ্ন করলেন যে - কিছু কিছু মন্দিরে শিবলিঙ্গ এবং নন্দীর মধ্যেখানে কেন কচ্ছপকে রাখা হয়? প্রশ্নের উত্তরে গুরুদেব বললেন যে একমাত্র কচ্ছপই এমন প্রাণী যে তার সমস্ত ইন্দ্রিয়কে নিজের ভেতরে প্রয়োজনে ঢুকিয়ে নিতে পারে। আবার কচ্ছপ এখানে নারায়ণের 'কূর্ম অবতার' রূপেও অবস্থান করছেন। মন্দিরে প্রবেশ এর সময় নিজের ষড় রিপুকে মন্দিরের বাইরে রেখে এসে, কূর্ম অবতারকে প্রণাম করে, তবেই ঢুকতে হয়। যেটা থেকে আমাদের শিক্ষা পাওয়া উচিত যে, কোনও ঘটনায় আমরা ঠিক একই রকম ভাবে আমাদের ইন্দ্রিয়গুলিকে নিজের মধ্যে ইচ্ছামত ঢুকিয়ে নিতে পারব, তাদের বশীভূত না থেকে। এই ঘটনাটি নিয়ে পরে ভেবে দেখেছিলাম, এর সাপেক্ষে এটাও বলা যায় যে কচ্ছপ এমন প্রাণী যে তার শ্বাসকে নিজের ইচ্ছামত নিয়ন্ত্রণ করতে পারে এবং তাই সে অনেক বেশি দিন পর্যন্ত বাঁচতে সক্ষম হয়। আমরা গুরুদেবের আশীর্বাদে যদি সঠিকভাবে "ওঙ্কার ক্রিয়া" অভ্যাস করতে পারি তবে আমরাও আমাদের শ্বাসের মাত্রাকে নিয়ন্ত্রণ করতে সক্ষম হব নিজেদের ইচ্ছামত। স্থিরত্ব তখনই আসবে যখন ধীরে ধীরে শ্বাসের মাত্রা নিজের আয়ত্তে আসবে। এখানে কচ্ছপটি এক স্থির ভাব বা একাধারে এক দ্রষ্টার প্রতীক স্বরূপ বর্তমান। সে অত্যন্ত স্থির ভাব নিয়ে তার ইষ্টেরই আরাধনা করছে। তাই সে ওই সরলরেখা বরাবর অবস্থান করছে। শিবলিঙ্গ এবং নন্দী ভগবানের মাঝখানে এক মন নিয়ে, এক ভাব নিয়ে, স্থির ভাবে সে তার ভগবানের প্রতি সমর্পিত হয়ে রয়েছে একই সরলরেখায়।

এখানে আরও একটি কথা বলা যেতে পারে। সেটি হল, আমরা আমাদের মূলধার থেকে সহস্রাব্দ পর্যন্ত সুসূক্ষ্ম পথে যখন খুব স্থির ভাবে গমন করি প্রাণায়ামের মাধ্যমে, তখন আমাদের প্রাণায়াম কোনও এক অবস্থায় এসে সরল গতি নেয়। তখন মন খুব সূক্ষ্ম হয়ে সুসূক্ষ্ম বরাবর সরলরেখা দিয়ে উর্ধ্বগতী লাভ করে এবং অবশেষে ব্রহ্মরঞ্জে এসে অবস্থান করে।



তখন আমাদের শ্বাস-প্রশ্বাস নেই বললেই চলে (কেবল কুম্ভক অবস্থা)। এই অবস্থা লাভের জন্য সম্পূর্ণরূপে গুরুর প্রতি সমর্পণভাব এবং তার কৃপাই এই অবস্থায় আসতে সাহায্য করে। এই সরল গতি লাভের সময় আমাদের যা অবস্থা এসে থাকে তার সাথে কচ্ছপের শিবলিঙ্গ ও নন্দীর মাঝখানে এক সরলরেখায় অবস্থানকে তুলনা করা যেতে পারে।



এবার একটি ছোট স্বপ্নের কথা এখানে আলোচনা করব। একদিন এক নোংরা জলা জায়গার পাশ দিয়ে এক ব্যক্তি হাঁটছে। সে হাঁটতে হাঁটতে খেয়াল করল, ওই নোংরা জলাশয়টির মধ্যে অনেক ছেঁড়া মাদুর, কাঁথা ইত্যাদি পড়ে আছে। মানুষ মারা যাওয়ার পর তার সৎকারের সময় যে জিনিসপত্র জলে ফেলে দেওয়া হয়, এই গুলো দেখে তার কিছুটা সেই রকমই লাগছিল। সে এইসব দেখতে দেখতে সেই জলাশয়টির পাড় বরাবর হেঁটে যাচ্ছিল, এবং সে দূরে দেখতে পাচ্ছিল একটি স্বর্ণ মন্দির যা সোনার মতোই চকচক করছে। হঠাৎই সে খেয়াল করল, তাকে কেউ একটা যেন ওই জলাশয়টির মধ্যে ধাক্কা দিয়ে ফেলে দিল। সে কোনও ব্যক্তি হতে পারে, বা কোনও শক্তি বিশেষ হতে পারে। কিন্তু সে বুঝতে পারল না প্রকৃতপক্ষে সেটা কি ছিল। সে চেষ্টা করল সেই জলাশয়টি থেকে ওঠার জন্য। কিন্তু সে যতবারই উঠতে চেষ্টা করছিল, কেউ যেন তার মাথা ধরে জলের মধ্যে ডুবিয়ে দিচ্ছিল। সে দু-তিনবার চেষ্টা করল, কিন্তু সে উঠতে পারছিল না।

সে প্রাণপণে চেষ্টা করছিল ওঠার জন্য, বাঁচার জন্য, কিন্তু সে পারছিল না। সেই মুহূর্তে সে মনে মনে ভাবল, ‘তবে কি এইখানেই আমার শেষ! এইভাবেই আমাকে চলে যেতে হবে! এমনকি কোনও শক্তি নেই, যে আমাকে এই অবস্থা থেকে বের করতে পারে?’ ঠিক তখনই সে স্থির ভাবে, মনে মনে স্মরণ করলো – ‘কেউ তো আমাকে এই অবস্থা থেকে বের করে দাও’। তার এই অবস্থায় হঠাৎই তার মাথায় এলো ‘গুরুদেব’। তিনি যে পদ্ধতি দিয়েছিলেন, যার মাধ্যমে আমরা আমাদের শ্বাসকে নিয়ন্ত্রণ করতে পারি, তা আমাদের জলের নিচেও বাঁচতে সাহায্য করবে, এবং সেই শ্বাস নিয়ন্ত্রণ অর্থাৎ ওঙ্কার ক্রিয়ার মাধ্যমে, সে সেই জলাশয়কে অতিক্রম করতে পারবে। সে অত্যন্ত সহজ ভাবে চেষ্টা করতেই ওই জলাশয়টির পাড়ে গিয়ে উঠলো। তারপরে সে ঘাসে ঘেরা এক মাঠের মাঝখানে এক স্বর্ণ মন্দিরের দিকে অগ্রসর হল। এইটা দেখার পরেই তার স্বপ্ন ভঙ্গ হল।

এই ঘটনাটি যদি আমরা ব্যাখ্যা করি, তাহলে বলা যেতে পারে যে প্রত্যেক মানুষই জন্মান্তরের মধ্যে দিয়ে যায়, এবং তার মধ্য দিয়েই তাদের বিভিন্ন কর্মফল ভোগ করতে হয়। ঠিক একইভাবে, ওই নোংরা জলাশয়টি ছিল আমাদের এই সংসার। যা আমাদেরকে জাগতিক মায়ার মধ্যে ডুবিয়ে রাখে। ছেঁড়া মাদুর, কাঁথা, এগুলো আমাদের জন্মান্তরকেই বুঝিয়ে থাকে যা আমাদের দেহ সৎকারের পর জলে ফেলে দেওয়া হয়। যখন সে জলে পড়ে গিয়েছিল এবং জল থেকে বের হতে পারছিল না-









তা আমাদের জাগতিকভাবে এই সংসারে ডুবে থাকাকেই বোঝায়। আমরা যতই চেষ্টা করি আমাদের কাম, ক্রোধ, লোভ, মায়া, মোহ আমাদের এই সংসারে টেনে নামিয়ে দেয়। ঠিক একই রকম ভাবে, যেভাবে, সে জল থেকে ওঠার চেষ্টা করেও উঠতে পারছিল না। কিন্তু এর পরে যখন সে স্থির ভাবে ভাবল ‘এমন কোনও শক্তি আছে কি যা আমাকে এই জায়গা থেকে বের করতে পারে?’ সে স্থির মনে ভাবার সময়েই তার স্মরণে এল ‘গুরুদেবের কথা’ এবং ওনার শিখিয়ে দেওয়া পথ। সেই পথকে অবলম্বন করলেই সে ওই জলাশয়টি থেকে বেরোতে পারে। এই কথাটি ভাবার সাথে সাথেই তার মধ্যে গুরুশক্তি ক্রিয়াশীল হল যা তাকে এই মায়ার বাঁধন কেটে বের হতে সাহায্য করলো।



যে কোন অবস্থা থেকে বেরোনোর জন্য আমাদের গুরু শক্তিরই প্রয়োজন হয়। অর্থাৎ, জাগতিক ও আধ্যাত্মিক সমস্ত কিছু অবস্থা থেকে বেরোতে গেলে গুরুই একমাত্র ভরসা। তাঁর শক্তির সাহায্য নিয়েই আমাদের এই সংসার বা ওই নোংরা জলাশয় পার করতে হবে। এখানে যে সবুজ ঘেরা জায়গার মাঝখানে স্বর্ণমন্দির, এই স্বর্ণমন্দির অর্থাৎ সোনার মতো স্বর্ণাভ আলো যা প্রাণের প্রকাশকেই বোঝায়- তা স্বয়ং ব্রহ্মস্বরূপ। যে শক্তি আমাদের জন্ম জন্মান্তরের সংস্কার থেকে মুক্ত করে আমাদের ব্রহ্মের দিকে যেতে অগ্রসর করে, বা ব্রহ্মকে চিনিয়ে দেয়, সে স্বয়ং সেই গুরুশক্তি নিজেই। তিনি শক্তি হয়ে আসেন এবং তিনি নিজেই একজন ভক্তকে তাঁর দিকে অগ্রসর হতে সাহায্য করেন। অতএব এই ঘটনাটি থেকে বোঝা যায় যে, যেকোনও অবস্থায় একমাত্র গুরু শক্তি সম্বল করে সেই অবস্থা থেকে বেরোনো যায়, এবং ওই গুরু শক্তি আমাদের পথ দেখিয়ে নিয়ে যায়। একজন সরল মন নিয়ে যদি গুরুর শরণাগত হয়, তবে সেই গুরু শক্তিই শেষে তার পূর্ণ স্বরূপ চিনতে, এই সংসারের মায়াজাল কাটাতে, এবং তাঁর দিকে অগ্রসর হতে সাহায্য করে। কোনও ভক্ত যখন সরল মনে তাঁর উপাসনা করে থাকেন, তাঁর সমস্ত জীবন উৎসর্গ করেন, সমস্ত চাওয়া-পাওয়া ঈশ্বরের পায়ে সঁপে দেন শুধু তাকে পাওয়ার আশা নিয়ে, তখন তাঁর মধ্যে রোপিত গুরু বীজ বা শক্তিই তাঁর যাওয়ার পথ করে দেয়। অতএব সংসারে যেকোনও ঘটনার মধ্যে মনকে যুক্ত না করে, চেষ্টা করতে হবে সদাসর্বদা গুরু পাদপদ্মে সমর্পিত ভাব রেখে কাজ করে যাওয়ার। কারণ অবশেষে গুরুই তাঁর ভার নেবেন এবং এই ভবসাগর পার করাবেন। কারণ তিনিই ব্রহ্মস্বরূপ। যে কোন কিছুই যদি মনে প্রাণে আকুলতার সাহায্যে প্রার্থনা করা যায়, তাহলে নিজের মধ্যে থাকা গুরুসত্তাই সাড়া দেয়। বা এও বলা যেতে পারে তখন গুরুশক্তিই ক্রিয়াশীল হয়, এবং সেই সব কর্ম করে যায়। আমরা সকলেই ভেবে থাকি আমরা কর্ম করছি, আমাদের দ্বারা এই সাধন হচ্ছে, কিন্তু এটা ভাবা ঠিক নয় বলেই মনে হয়। কারণ আমাদের ভেতরে থাকা গুরু সত্য ও ক্রিয়াশীল। অতএব আমাদের দ্রষ্টা ভাব নিয়ে সেই কর্মের সাক্ষী থাকতে হবে। মনের ভাব রাখতে হবে সরল। কারণ আমরা সাধারণ মানুষ মাত্র, এবং তিনি স্বয়ং শিব স্বরূপ। যে কোন কর্ম করবার সময় এই ভাব থাকবে যে আমি ভক্ত, সে ভগবান। সে-ই করাচ্ছে, তাই করছি, সে চলচ্ছে, তাই চলছি। ঠিক এইরকম ভাব নিয়ে এক জন অবতারও ভগবানের আরাধনা করেন। শ্রীগুরু চরণ পাদপদ্মকে নিজের হৃদয়ে বসিয়ে তাঁর প্রতি পূর্ণ ভরসা, মন রেখে কর্ম করে যান, তবেই দেখা যাবে তিনি তাঁর পূর্ণ জ্যোতিরূপ ধরবেন এবং আমাদের দয়া করে বুঝিয়ে দেবেন তিনি কে। সবার ভালো হোক।

জয় গুরুদেব।



ASHRAM  
PUBLICATION  
RYKYM





"আমার পূজা সৃষ্টি ছাড়া  
গঙ্গাজলের নাইকো ছড়া,  
ফুল লাগে না রাশি রাশি  
হারিয়ে গেছে কোশা-কুশি।  
সরে গেছেন কালী-তারা  
আমি আত্ম দেখে আত্মহারা,  
আমার পূজা সৃষ্টি ছাড়া  
গঙ্গা জলের নাইকো ছড়া।  
ঠাকুর দেবতা গেছি ভুলি  
এবার শূণ্য সাথে কোলাকুলি,  
যুক্ত মুক্ত ত্রিবেণীতে  
এবার আমি ডুব মরি।  
হারিয়ে যাওয়ার কথা ভেবে  
নিজের পূজা নিজেই করি,  
আমার পূজা সৃষ্টি ছাড়া  
গঙ্গাজলের নাইকো ছড়া।"

- শ্যামাচরণ ত্রিপুরাযোগ ও অদ্বৈতবাদ থেকে সংগৃহীত